অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন ঢাকা চেম্বারের সভাপতি তাসকীন আহমেদ। ব্যবসা পরিচালনায় সহায়ক পরিবেশ তৈরিতে ট্রেড লাইসেন্সসহ অন্যসব সেবাপ্রাপ্তিতে সময়ক্ষেপণ ও হয়রানি রোধে ডিজিটাল ব্যবস্থার কার্যকর প্রয়োগ, একাধিক বছরের জন্য নবায়ন কার্যক্রম প্রবর্তনের ওপর জোর দেন তাসকীন আহমেদ।

প্রধান অতিথির বক্তব্যে ডিএসসিসি প্রশাসক আব্দুস সালাম বলেন, নতুন ট্রেড লাইসেন্স ও নবায়নের জন্য নির্ধারিত ফিতে এনবিআরের চার্জ হ্রাস করা গেলে ট্রেড লাইসেন্স ফি আরো কমানো সম্ভব। তিনি বলেন, ব্যবসা পরিচালনায় সহায়ক পরিবেশ তৈরি করা সম্ভব হলে একদিকে যেমন সিটি করপোরেশনের আয় বাড়বে, পাশাপাশি জনগণকে উন্নত সেবা নিশ্চিত করা সম্ভব হবে। তিনি ব্যবসায়ীদের নতুন ট্রেড লাইসেন্স সংগ্রহ ও পুরোনো লাইসেন্স নবায়নের মাধ্যমে বৈধভাবে ব্যবসায়িক কার্যক্রম পরিচালনার ওপর জোর দেন।

হয়রানিমুক্ত ট্রেড লাইসেন্স সেবা নিশ্চিতের জন্য ডিজিটাল ব্যবস্থাপনার ওপর জোর দেওয়া হয়েছে উল্লেখ করে আবদুস সালাম বলেন, এক্ষেত্রে ওয়ান-স্টপ সার্ভিস চালুর বিষয়টি বিবেচনাধীন। শহরের যানজট নিরসনে বিদ্যুৎচালিত অটোরিকশা ও হকারদের রেজিস্ট্রেশনের আওতায় আনার বিষয়ে কার্যক্রম অব্যাহত রয়েছে বলেও তিনি উল্লেখ করেন।

অনুষ্ঠানে মুক্ত আলোচনায় ডিসিসিআইয়ের পরিচালক মোহাম্মদ জমশের আলী, সাবেক উর্ধ্বতন সহসভাপতি আব্দুস সালাম, সাবেক সহসভাপতি হোসেন এ সিকদার, আলাউদ্দিন মালিক, সাবেক পরিচালক একেডি খায়ের মোহাম্মদ খান, দীন মোহাম্মদ, মৌলভীবাজার ব্যবসায়ী সমিতির সভাপতি মোহাম্মদ আলী ভুট্টো প্রমুখ সক্রিয়ভাবে অংশ নেন।

কালবেলা
সোমবার, ১৭ আগস্ট ২০২৬

# ট্রেড লাইসেন্সে আসছে পাঁচ বছর মেয়াদি নবায়ন সুবিধা

## সপ্তাহব্যাপী নবায়ন সেবা কার্যক্রম উদ্বোধন

- সময়ক্ষেপণ ও হয়রানির কারণে উদ্যোক্তাদের নানা ভোগান্তি পোহাতে হয়: ডিসিসিআই সভাপতি
- দিনের লাইসেন্স দিনে দেওয়া হবে: ডিএসসিসি প্রশাসক

> যেদিন আবেদন ও টাকা জমা হবে, সেদিনই ট্রেড লাইসেন্স দিতে হবে। দিনের লাইসেন্স দিনে দিতে হবে। এ নির্দেশনা বাস্তবায়নে কোনো কর্মকর্তা বা বিভাগ ব্যর্থ হলে তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে। এ ব্যাপারে কোনো ছাড় নেই
>
> **মো. আব্দুস সালাম**, *প্রশাসক, ডিএসসিসি*

**কালবেলা প্রতিবেদক**

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) সদস্যসহ ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) আওতাভুক্ত সদস্য ব্যবসায়ীদের ব্যবসা পরিচালন আরও সহজ করতে ডিসিসিআই এবং ডিএসসিসির যৌথ আয়োজনে শুরু হচ্ছে সপ্তাহব্যাপী ট্রেড লাইসেন্স নবায়ন সেবা কার্যক্রম। গতকাল রোববার ডিসিসিআই অডিটোরিয়ামে এ কার্যক্রমের উদ্বোধন করেন ডিএসসিসি প্রশাসক মো. আব্দুস সালাম। একই সঙ্গে কোনো ধরনের ভোগান্তি ছাড়া দিনের লাইসেন্স দিনেই দেওয়া হবে বলে ব্যবসায়ীদের আশ্বস্ত করেন তিনি। একই সঙ্গে ট্রেড লাইসেন্স পাঁচ বছর মেয়াদে নবায়নের সুবিধা চালু হবে বলেও জানান তিনি।

উদ্বোধন অনুষ্ঠানে স্থানীয় ব্যবসা-বাণিজ্য, আইনশৃঙ্খলা, যানজট পরিস্থিতির উন্নয়ন ও ট্রেড লাইসেন্স সেবা শীর্ষক মতবিনিময় সভায় স্বাগত বক্তব্যে ডিসিসিআই সভাপতি তাসকীন আহমেদ বলেন, ট্রেড লাইসেন্স ব্যবসা পরিচালনার অন্যতম গুরুত্বপূর্ণ প্রাথমিক দলিল, তবে এর নিবন্ধন ও নবায়ন প্রক্রিয়ায় তথ্যের ঘাটতি, প্রয়োজনীয় কাগজপত্র সম্পর্কে অস্পষ্টতা, একাধিকবার অফিসে যাতায়াত এবং বিভিন্ন ধাপে সময়ক্ষেপণ ও হয়রানির কারণে উদ্যোক্তাদের নানা ধরনের ভোগান্তির সম্মুখীন হতে হচ্ছে। দেশে ব্যবসা পরিচালনায় সহায়ক পরিবেশ তৈরিতে ট্রেড লাইসেন্সসহ অন্য সব সেবা প্রাপ্তিতে সময়ক্ষেপণ ও হয়রানি রোধে ডিজিটাল ব্যবস্থার কার্যকর প্রয়োগ, একাধিক বছরের জন্য নবায়ন কার্যক্রম প্রবর্তনের উপর জোরারোপ করেন তিনি।

ব্যবসায়ীদের জন্য ট্রেড লাইসেন্স নবায়ন প্রক্রিয়া আরও সহজ, দ্রুত ও ডিজিটাল করতে ডিএসসিসি কাজ করছে বলে জানান প্রশাসক আব্দুস সালাম। তিনি বলেন, ট্রেড লাইসেন্স সেবায় জোরজবরদস্তির পরিবর্তে ব্যবসায়ীদের সঙ্গে পারস্পরিক বোঝাপড়া ও সহযোগিতার ভিত্তিতে কাজ করতে চায় সিটি করপোরেশন। ঘরে বসেই ট্রেড লাইসেন্স নবায়ন, হোল্ডিং ট্যাক্স ও অন্যান্য কর পরিশোধের সুযোগ নিশ্চিত করতে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হচ্ছে। একই সঙ্গে ট্রেড লাইসেন্স পাঁচ বছর মেয়াদে নবায়নের ব্যবস্থা চালু করা হবে।

তিনি জানান, ব্যবসায়ীদের ট্রেড লাইসেন্স পাঁচ বছর মেয়াদে নবায়নের দাবিকে ইতিবাচকভাবে গ্রহণ করা হয়েছে এবং শিগগির এ বিষয়ে আনুষ্ঠানিক সিদ্ধান্ত জানানো হবে।

সভায় ব্যবসায়ীদের পক্ষ থেকে অভিযোগ করা হয়, কয়েক মাস ধরে টাকা জমা দেওয়ার পরও ট্রেড লাইসেন্স পাচ্ছেন না তারা। এমন অভিযোগের পরিপ্রেক্ষিতে ডিএসসিসি প্রশাসক মো. আব্দুস সালাম বলেন, যেদিন আবেদন ও টাকা জমা হবে, সেদিনই ট্রেড লাইসেন্স দিতে হবে। দিনের লাইসেন্স দিনে দিতে হবে। এ নির্দেশনা বাস্তবায়নে কোনো কর্মকর্তা বা বিভাগ ব্যর্থ হলে তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে। এ ব্যাপারে কোনো ছাড় নেই।

সভায় লাইসেন্স ফির বিষয়ে তিনি বলেন, নতুন ট্রেড লাইসেন্স ও নবায়নের জন্য নির্ধারিত ফিতে এনবিআরের চার্জ কমানো গেলে, ট্রেড লাইসেন্স ফি আরও কমানো সম্ভব। আর সাইনবোর্ড কর প্রসঙ্গে বলেন, বড় বড় বাণিজ্যিক প্রতিষ্ঠানের অনেক সাইনবোর্ডের প্রকৃত আয়তন অনুযায়ী কর নির্ধারণ হয় না। তবে এ বিষয়ে কাউকে হয়রানি নয়, বরং ন্যায়সংগত ও স্বচ্ছ ব্যবস্থাপনা নিশ্চিত করা হবে।

আব্দুস সালাম আরও বলেন, হয়রানি মুক্ত ট্রেড লাইসেন্স সেবা নিশ্চিতের জন্য ডিজিটাল ব্যবস্থাপনার ওপর জোর দেওয়া হয়েছে। এক্ষেত্রে ওয়ান-স্টপ সার্ভিস চালু বিষয়টি বিবেচনাধীন রয়েছে।

উল্লেখ্য, ট্রেড লাইসেন্স নবায়ন সেবার সপ্তাহব্যাপী এ কার্যক্রম ২০ আগস্ট পর্যন্ত চলবে। সকাল ১০টা থেকে বিকেল ৪টা পর্যন্ত ডিএসসিসির আওতাধীন ঢাকা চেম্বারের সদস্যভুক্ত প্রতিষ্ঠানসহ অন্য ব্যবসায়ীরা ২০২৬-২৭ অর্থবছরের জন্য নিজ নিজ প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স নবায়নের নির্ধারিত ফি জমাদানের মাধ্যমে তাদের লাইসেন্স নবায়ন করতে পারবেন। উদ্বোধন অনুষ্ঠানে দক্ষিণ সিটি করপোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. খয়বর রহমান, ডিএমপির অতিরিক্ত কমিশনার মো. মাসুদ করিমসহ বিভিন্ন খাতভিত্তিক ব্যবসায়ী সংগঠনের নেতারা উপস্থিত ছিলেন।

আমরা জনগণের পক্ষে
বাংলাদেশ প্রতিদিন
সোমবার, ১৭ আগস্ট ২০২৬

# ট্রেড লাইসেন্স নবায়ন প্রক্রিয়া সহজ করছে ডিএসসিসি

নিজস্ব প্রতিবেদক

ব্যবসায়ীদের জন্য ট্রেড লাইসেন্স নবায়ন প্রক্রিয়া আরও সহজ করছে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন (ডিএসসিসি)। প্রশাসক মো. আবদুস সালাম বলেছেন, ট্রেড লাইসেন্স সেবা দ্রুত ও সহজ করতে ওয়ান স্টপ সার্ভিস চালু করা হচ্ছে। ব্যবসায়ীদের সুবিধার জন্য একবারে ৫ বছরের ট্রেড লাইসেন্স নবায়নের সুযোগ দেওয়া হবে। গতকাল ডিসিসিআই অডিটোরিয়ামে স্থানীয় ব্যবসাবাণিজ্য, আইনশৃঙ্খলা, যানজট পরিস্থিতির উন্নয়ন ও ট্রেড লাইসেন্স সেবা শীর্ষক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। ঢাকা চেম্বার এবং ডিএসসিসি যৌথভাবে এ মতবিনিময় সভার আয়োজন করে। আবদুস সালাম বলেন, দক্ষিণ সিটি করপোরেশনের প্রায় আড়াই লাখের মতো ট্রেড লাইসেন্স রয়েছে।

আমরা জনগণের পক্ষে বাংলাদেশ প্রতিদিন

প্র তি দি নে র
বাংলাদেশ
সোমবার, ১৭ আগস্ট ২০২৬




মতিঝিলে ডিসিসিআই মিলনায়তনে রবিবার আয়োজিত মতবিনিময় সভায় বক্তব্য দেন ডিএসসিসি প্রশাসক মো. আব্দুস সালাম ।সংগৃহীত

# ৫ বছরের ট্রেড লাইসেন্স নবায়নের ঘোষণা

## বললেন ডিএসসিসি প্রশাসক

প্রবা প্রতিবেদক

ব্যবসায়ীদের দীর্ঘদিনের দাবি মেনে একবারে ৫ বছরের জন্য ট্রেড লাইসেন্স নবায়নের সুবিধা দেওয়ার ঘোষণা দিয়েছেন ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) প্রশাসক মো. আব্দুস সালাম। রবিবার মতিঝিলে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) মিলনায়তনে এক মতবিনিময় সভায় তিনি এই আশার কথা জানান। ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের আয়োজিত এই সভায় স্থানীয় ব্যবসা-বাণিজ্য ও নগর ব্যবস্থাপনার বিভিন্ন সমস্যা নিয়ে বিশদ আলোচনা করা হয়। ব্যবসায়ীদের ভোগান্তি কমাতে আধুনিক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে সেবা সহজ করার প্রক্রিয়া দ্রুত বাস্তবায়ন করা হবে বলেও সভায় নিশ্চিত করা হয়েছে।

প্রশাসক মো. আব্দুস সালাম জানান, বর্তমানে ট্রেড লাইসেন্স সেবা দ্রুততর করতে ওয়ান স্টপ সার্ভিস চালু করা হচ্ছে। তবে লাইসেন্স জালিয়াতির ঘটনায় সিটি করপোরেশনের রাজস্ব আদায় ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে বলে তিনি উদ্বেগ প্রকাশ করেন। মাঝখানে একটি চক্র অসাধু উপায়ে ট্রেড লাইসেন্স জাল করে রাজস্ব ফাঁকি দিচ্ছে, যা কোনোভাবেই কাম্য নয়। এই পরিস্থিতি মোকাবিলায় সিটি করপোরেশন কিছু ক্ষেত্রে কঠোর অবস্থানে যেতে বাধ্য হয়েছে বলেও মন্তব্য করেন তিনি। স্বচ্ছতা নিশ্চিত করতে সব লাইসেন্স প্রক্রিয়া এখন আরও সতর্কভাবে নিয়ন্ত্রণ করা হচ্ছে।

সাইনবোর্ড কর প্রসঙ্গে তিনি বলেন, বড় প্রতিষ্ঠানগুলো তাদের প্রকৃত মাপ অনুযায়ী সাইনবোর্ড কর দিচ্ছে না। বড় আকারের একাধিক সাইনবোর্ড ব্যবহার করলেও তা নিয়ম অনুযায়ী করের আওতায় আনা হচ্ছে না। কোনো জোর বা জবরদস্তির পরিবর্তে পারস্পরিক বোঝাপড়ার মাধ্যমে এই কর আদায়ের ওপর জোর দেন তিনি। প্রকৃত মাপ অনুযায়ী কর নির্ধারিত হলে সিটি করপোরেশনের রাজস্ব ভান্ডার আরও শক্তিশালী হবে বলে তিনি আশা প্রকাশ করেন। ব্যবসায়ীদের সাথে সমন্বয় রেখে সিটি করপোরেশনের সেবা আরও সহজ ও গতিশীল করার প্রতিশ্রুতিও দেন তিনি।

সিটি করপোরেশনের বিভিন্ন সেবা ফি ঘরে বসেই জমা দেওয়ার অনলাইন ব্যবস্থা আরও সম্প্রসারণের ঘোষণা দেওয়া হয়েছে। বর্তমানে একাধিক ব্যাংকের মাধ্যমে টাকা জমা দেওয়ার সুযোগ থাকলেও ব্যাংকের সংখ্যা বাড়ানোর প্রক্রিয়া চলমান রয়েছে। দীর্ঘদিনের বকেয়া ট্রেড লাইসেন্স ও মার্কেট ভাড়ার সমস্যা সমাধানে মার্কেটভিত্তিক উদ্যোগ নিতে ব্যবসায়ীদের আহ্বান জানিয়েছেন ডিএসসিসি প্রশাসক। ঢাকা চেম্বারের নেতৃবৃন্দকে সাথে নিয়ে নির্দিষ্ট এলাকায় প্রতিনিধি পাঠিয়ে বকেয়া সমস্যাগুলো দ্রুত নিষ্পত্তি করার প্রস্তাব দেন তিনি। পুরান ঢাকার ঐতিহ্য রক্ষায় ৪১৬ বছরের পুরনো ইতিহাস নিয়ে হেরিটেজ কর্মসূচি করার বিষয়টিও সভায় উঠে আসে।

ঢাকার যানজট পরিস্থিতি ও হকারদের ফুটপাত দখল নিয়ে তিনি বেশ ক্ষোভ প্রকাশ করেন। যানজটের কারণে কর্মঘণ্টা নষ্ট হচ্ছে, যা প্রকারান্তরে রাষ্ট্রের ও অর্থনীতির জন্য বিশাল বড় ক্ষতি। হকার বা রিকশাচালকদের উচ্ছেদ করা মূল লক্ষ্য নয়, বরং নগরে একটি সুস্থ শৃঙ্খলা ফিরিয়ে আনা জরুরি।

# দৈনিক বাংলা

সোমবার, ১৭ আগস্ট ২০২৬

# পাঁচ বছর মেয়াদি ট্রেড লাইসেন্স চালুর ঘোষণা ডিএসসিসি প্রশাসকের

**নিজস্ব প্রতিবেদক**



ব্যবসায়ীদের ভোগান্তি কমাতে এবং ট্রেড লাইসেন্স নবায়ন প্রক্রিয়াকে আরও সহজ ও ডিজিটাল করার লক্ষে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন (ডিএসসিসি) বড় ধরণের পরিবর্তনের উদ্যোগ নিয়েছে। এখন থেকে ব্যবসায়ীরা চাইলে তাদের ট্রেড লাইসেন্স এককালীন পাঁচ বছরের জন্য নবায়ন করতে পারবেন। গতকাল রোববার রাজধানীর ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) মিলনায়তনে আয়োজিত এক বিশেষ মতবিনিময় সভায় এই ঘোষণা দেন ডিএসসিসি'র প্রশাসক মো. আব্দুস সালাম।

মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে প্রশাসক জানান, সিটি করপোরেশন এখন থেকে হয়রানি বা জবরদস্তির পরিবর্তে পারস্পরিক সহযোগিতার ভিত্তিতে ব্যবসায়ীদের সেবা প্রদান করতে চায়। তিনি বলেন, ব্যবসায়ীদের দীর্ঘদিনের দাবি অনুযায়ী পাঁচ বছর মেয়াদী ট্রেড লাইসেন্স প্রদানের সিদ্ধান্তটি অত্যন্ত ইতিবাচকভাবে বিবেচনা করা হয়েছে এবং খুব শীঘ্রই এর আনুষ্ঠানিক নির্দেশনা জারি হবে। এছাড়া হোল্ডিং ট্যাক্সসহ অন্যান্য সকল পৌর কর ঘরে বসেই অনলাইনে পরিশোধের জন্য প্রয়োজনীয় কারিগরি উন্নয়ন কাজ চলছে। সাইনবোর্ড কর আদায়ের ক্ষেত্রে স্বচ্ছতা নিশ্চিত করার বিষয়ে প্রশাসক আশ্বস্ত করেন যে, কাউকে অহেতুক হয়রানি না করে প্রকৃত আয়তন অনুযায়ী ন্যায়সঙ্গত কর নির্ধারণ করা হবে। তিনি ঢাকার যানজট ও ফুটপাত দখলের মতো প্রধান সমস্যাগুলো নিরসনে একটি সুনির্দিষ্ট পরিকল্পনার কথা তুলে ধরেন। তার মতে, হকার ও ব্যাটারিচালিত রিকশাচালকদের নিবন্ধনের আওতায় এনে একটি ডিজিটাল ডাটাবেজ তৈরি করা হবে, যা নগরের নিরাপত্তায় বড় ভূমিকা রাখবে।

সভায় আব্দুস সালাম ব্যবসায়ী নেতাদের প্রতি আহ্বান জানিয়ে বলেন, নগর ব্যবস্থাপনার উন্নয়ন, চাঁদাবাজি রোধ এবং ফুটপাত দখলমুক্ত রাখতে ব্যবসায়ী সমাজকে প্রশাসনের পাশে দাঁড়িয়ে অগ্রণী ভূমিকা পালন করতে হবে। এছাড়া পুরান ঢাকার ঐতিহাসিক ঐতিহ্য রক্ষায় করপোরেশনের পক্ষ থেকে ৪১৬ বছর পূর্তি উপলক্ষে বিশেষ কর্মসূচি নেওয়া হয়েছে বলেও তিনি উল্লেখ করেন।

ডিসিসিআই সভাপতি তাসকিন আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা মহানগর অতিরিক্ত পুলিশ কমিশনার মো. মাসুদ করিম।

আজকের পত্রিকা
সোমবার, ১৭ আগস্ট ২০২৬

# ডিসিসিআইয়ে ট্রেড লাইসেন্স নবায়নের বিশেষ সেবা

**নিজস্ব প্রতিবেদক**, ঢাকা

ব্যবসায়ীদের ট্রেড লাইসেন্স নবায়নের ভোগান্তি কমাতে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) সঙ্গে যৌথভাবে সপ্তাহব্যাপী বিশেষ সেবা চালু করেছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। এ কার্যক্রমের আওতায় ডিএসসিসির অধীন এলাকার ব্যবসায়ীরা ডিসিসিআই কার্যালয় থেকেই ২০২৬-২৭ অর্থবছরের ট্রেড লাইসেন্স নবায়ন করতে পারবেন।

আজকের পত্রিকা

গতকাল রোববার ডিসিসিআইয়ের অডিটরিয়ামে এ সেবা কার্যক্রমের উদ্বোধন করা হয়। একই অনুষ্ঠানে 'স্থানীয় ব্যবসা-বাণিজ্য, আইনশৃঙ্খলা, যানজট পরিস্থিতির উন্নয়ন ও ট্রেড লাইসেন্স সেবা' শীর্ষক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কার্যক্রমের উদ্বোধন করেন ডিএসসিসির প্রশাসক মো. আব্দুস সালাম।

ডিসিসিআই সূত্রে জানা গেছে, আগামী বৃহস্পতিবার পর্যন্ত প্রতিদিন সকাল ১০টা থেকে বিকেল ৪টা পর্যন্ত এ বিশেষ সেবা চলবে। ডিএসসিসির আওতাধীন ডিসিসিআইয়ের সদস্য প্রতিষ্ঠানসহ অন্যান্য ব্যবসায়ী নির্ধারিত ফি জমা দিয়ে এ সময়ের মধ্যে ২০২৬-২৭ অর্থবছরের ট্রেড লাইসেন্স নবায়ন করতে পারবেন।

আগামীর সময়
সোমবার, ১৭ আগস্ট ২০২৬

# ব্যবসায়ীদের উদ্বেগ

অর্থনৈতিক প্রতিবেদক

## ট্রেড লাইসেন্স নবায়ন ফি বৃদ্ধি

ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) ট্রেড লাইসেন্স নবায়ন ফি অস্বাভাবিক হারে বৃদ্ধি পাওয়ায় ব্যবসায়ীরা গভীর উদ্বেগ ও অসন্তোষ প্রকাশ করেছেন। গতকাল রবিবার রাজধানীর মতিঝিলের ডিসিসিআই অডিটরিয়ামে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এবং ডিএসসিসির যৌথ উদ্যোগে এক আলোচনা সভায় এই উদ্বেগ প্রকাশ করা হয়। সভার প্রতিপাদ্য ছিল 'স্থানীয় ব্যবসা-বাণিজ্য, আইনশৃঙ্খলা, যানজট পরিস্থিতির উন্নয়ন ও ট্রেড লাইসেন্স সেবা'।

সভায় উপস্থিত ব্যবসায়ীরা ট্রেড লাইসেন্স ও সংশ্লিষ্ট ফি বৃদ্ধির বিষয়ে তীব্র আপত্তি জানিয়েছেন। ঢাকা চেম্বারের সাবেক এক সহসভাপতি জানালেন, তার ব্যবসার শুরুতে লাইসেন্স ফি ছিল মাত্র ৪৫০ টাকা, যা বেড়ে বর্তমানে ৫ হাজার টাকায় দাঁড়িয়েছে। অন্য এক ব্যবসায়ী অভিযোগ করেছেন, তার প্রতিষ্ঠানের লাইসেন্স ফি ১০ হাজার ৮১১ টাকা থেকে বেড়ে ১২ হাজার ৮২৫ টাকা হয়েছে। এ ছাড়া এক বছরের ব্যবধানে নবায়ন ফি ৭ হাজার ৮০০ টাকা থেকে ১০ হাজার টাকায় এবং সাইনবোর্ড ফি ৮০০ টাকা থেকে ২৫০০ টাকায় উন্নীত হওয়ার অভিযোগও উঠে আসে সভায়।

ব্যবসায়ীদের মতে, করোনা মহামারী এবং রাজনৈতিক অস্থিরতার কারণে তারা এমনিতেই ব্যবসা পরিচালনায় হিমশিম খাচ্ছেন। এ পরিস্থিতিতে ফির হার অস্বাভাবিকভাবে বাড়ানো হলে নতুন উদ্যোক্তারা নিরুৎসাহিত হবেন। তাই ট্যাক্সের হার না বাড়িয়ে পরিধি বাড়ানোর জন্য তারা ডিএসসিসি কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানিয়েছেন।

ডিসিসিআই সভাপতি তাসকিন আহমেদ জানালেন, ব্যবসায়ীদের ভোগান্তি কমাতে এবং সেবাপ্রক্রিয়া স্বচ্ছ ও দ্রুত করতে ট্রেড লাইসেন্স সেবাকে সম্পূর্ণ ডিজিটালাইজড করার লক্ষ্য নিয়ে তারা কাজ করছেন।

সভায় ডিএসসিসির প্রধান নির্বাহী কর্মকর্তা মো. খয়বর রহমান জানালেন, ২০২৫-২৬ অর্থবছরে রাজস্ব আদায়ের ১৫০ কোটি টাকা লক্ষ্যমাত্রার বিপরীতে মাত্র ১১৫ কোটি টাকা আদায় হয়েছে। এই ঘাটতি পূরণে প্রশাসক মো. আব্দুস সালামের নেতৃত্বে কাজ করছে সিটি করপোরেশন।

সভায় শুধু ব্যবসা-বাণিজ্যের পথে আরও কিছু প্রতিবন্ধকতা নিয়ে আলোচনা হয়। ব্যবসায়ীরা জানালেন, রাজধানীতে অনিবন্ধিত অটোরিকশার দাপটে যানজট চরম আকার ধারণ করেছে। এসব রিকশা থেকে সরকার কোনো ট্যাক্স পায় না, অথচ রাস্তার ৯০ শতাংশ জায়গা এরাই দখল করে রাখে। তারা অভিযোগ করেন, ট্রেড লাইসেন্স নবায়নের ক্ষেত্রে সিটি করপোরেশন থেকে ফায়ার সার্ভিস ও পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র বাধ্যতামূলক করার ফলে হয়রানির শিকার হচ্ছেন ব্যবসায়ীরা।

ডিএসসিসি প্রশাসক মো. আব্দুস সালাম ও ডিএমপির অতিরিক্ত কমিশনার মাসুদ করিমসহ উচ্চপদস্থ কর্মকর্তারা সভায় উপস্থিত ছিলেন। ডিএসসিসি প্রশাসক ব্যবসায়ীদের সমস্যাগুলো সমাধানের আশ্বাস দিয়ে বলেছেন, দিনের ট্রেড লাইসেন্স দিনেই সম্পন্ন করা হবে। ব্যসায়ীদের অযথা হয়রানি করলে সংশ্লিষ্ট কর্মকর্তার বিরুদ্ধে নেওয়া হবে ব্যবস্থা।

শেয়ার বিজ
The Daily Share Biz
সৃজনের পথে উন্নত স্বদেশ
সোমবার, ১৭ আগস্ট ২০২৬

# অটোরিকশা নিয়ন্ত্রণ ও চাঁদাবাজি কঠোরভাবে দমনের চেষ্টা চলছে

**নিজস্ব প্রতিবেদক**

রাজধানীতে অটোরিকশা নিয়ন্ত্রণের চেষ্টা চলছে বলে জানিয়েছেন ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) অতিরিক্ত পুলিশ কমিশনার মাসুদ করিম। পাশাপাশি চাঁদাবাজি কঠোরভাবে দমনের চেষ্টা চলছে বলেও জানান তিনি।

গতকাল রোববার রাজধানীর ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) মতিঝিল কার্যালয়ে স্থানীয় ব্যবসা-বাণিজ্য, আইনশৃঙ্খলা, যানজট পরিস্থিতির উন্নয়ন ও ট্রেড লাইসেন্স সেবা শীর্ষক আলোচনা ও মতবিনিময় সভায় তিনি এ কথা বলেন।

ডিসিসিআই ও দক্ষিণ সিটি করপোরেশন যৌথভাবে এই সভার আয়োজন করে। সভায় লাইসেন্স নবায়ন সেবা সপ্তাহের উদ্বোধন ও নবায়নকৃত ট্রেড লাইসেন্স বিতরণ করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের প্রশাসক মো. আব্দুস সালাম। এতে স্বাগত বক্তব্য দেন ডিসিসিআই সভাপতি তাসকীন আহমেদ। আরও বক্তব্য দেন ঢাকা মেট্রোপলিটন পুলিশের অতিরিক্ত পুলিশ কমিশনার মো. মাসুদ করিম ও ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. খয়বর রহমান প্রমুখ।

অনুষ্ঠানে অতিরিক্ত পুলিশ কমিশনার মাসুদ করিম বলেন, যন্ত্রচালিত অটোরিকশা নিয়ন্ত্রণের চেষ্টা চলছে, নীতিমালা প্রণয়নের কাজ চলছে। এ সমস্যার স্থায়ী সমাধানের চেষ্টা করা হচ্ছে। এ ব্যাপারে সরকারের উচ্চ পর্যায়ে অত্যন্ত আন্তরিক। যানজট নিরসনেও চেষ্টা চলছে।

তিনি বলেন, যানজট নিরসনে ট্রাফিক ক্যামেরাগুলো সচল করা হবে। আমরা ক্যামেরাগুলো সচল করতে চাই। ঢাকাকে একটি নিরাপদ ঢাকা করার চেষ্টা চলছে। পরিবর্তন হচ্ছে, ছোট ছোট পরিবর্তনগুলো মিলে বড় পরিবর্তন একসময় আপনাদের চোখে পড়বে।

মাসুদ করিম আরও বলেন, চাঁদাবাজির বিষয়গুলোকে আমরা সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে আমাদের যারা পুলিশ রয়েছে, তাদের বলেছি, চাঁদাবাজির বিষয়গুলো অত্যন্ত কঠোর হাতে দমন করতে।

স্বাগত বক্তব্যে ডিসিসিআই সভাপতি তাসকীন আহমেদ বলেন, ট্রেড লাইসেন্স একটি ব্যবসা পরিচালনার অন্যতম গুরুত্বপূর্ণ প্রাথমিক দলিল। কিন্তু নিবন্ধন ও নবায়ন প্রক্রিয়ায় তথ্যের ঘাটতি, প্রয়োজনীয় কাগজপত্র সম্পর্কে অস্পষ্টতা, একাধিকবার অফিস যাতায়াত এবং বিভিন্ন ধাপে সময়ক্ষেপণ—এসব কারণে অনেক ব্যবসায়ী নানা ধরনের হয়রানির শিকার হন। এই বাস্তবতা বিবেচনায় ব্যবসায়ীদের জন্য ট্রেড লাইসেন্স নবায়ন প্রক্রিয়াকে আরও সহজ, দ্রুত এবং হয়রানিমুক্ত করতে হবে।

তিনি বলেন, আমাদের লক্ষ্য শুধু তাৎক্ষণিকভাবে ট্রেড লাইসেন্স নবায়নে সহায়তা করা নয়, বরং ভবিষ্যতে ব্যবসায়ীরা যেন সহজে ডিজিটাল প্ল্যাটফর্ম ব্যবহার করে নিজেরাই প্রয়োজনীয় সেবা গ্রহণ করতে পারেন, সেই সক্ষমতা তৈরি করা।

ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) প্রধান নির্বাহী কর্মকর্তা মো. খয়বর রহমান বলেন, রাজস্ব আয়ের অন্যতম গুরুত্বপূর্ণ খাত হলো হোল্ডিং ট্যাক্স এবং লাইসেন্স। বর্তমানে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের আওতায় ইস্যুকৃত মোট ২ লাখ ৪৬ হাজার ১৮টি ট্রেড লাইসেন্স বিদ্যমান রয়েছে। ব্যবসা পরিচালনার ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যবসার ধরন, প্রকৃতি, শ্রেণি এবং সাইনবোর্ডের পরিমাণ অনুযায়ী ‘সিটি করপোরেশন আইন ২০০৯’ এবং ‘আদর্শ কর তফসিল ২০১৬’ অনুসারে ট্রেড লাইসেন্স ফি নির্ধারণপূর্বক ২৯৪টি প্রকৃতির ব্যবসায়িক ট্রেড লাইসেন্স ইস্যু করা হয়।

তিনি বলেন, ব্যবসা পরিচালনার ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যবসার ধরন অনুযায়ী এই লাইসেন্সগুলো দেওয়া হয়। সিটি করপোরেশনের ১০টি আঞ্চলিক অফিস রয়েছে। তার মধ্যে ১০ জন প্রধান কর আদায়কারী কর্মকর্তা রয়েছেন এবং ৩০ জন ডেপুটি ট্যাক্স অফিসার রয়েছেন এবং ৪০ জন তাদের কর-লাইসেন্স সুপারভাইজার রয়েছেন।

দৈনিক
দিনকাল
THE DAILY DINKAL
দেশ ও জনগণের কথা বলে
সোমবার, ১৭ আগস্ট ২০২৬



# ডিসিসিআইতে সপ্তাহব্যাপী ট্রেড লাইসেন্স নবায়ন সেবা কার্যক্রমের উদ্বোধন

**দিনকাল রিপোর্ট:** ডিসিসিআইর সদস্যদের অধিকতর উন্নত সেবা প্রদানের পাশাপাশি দক্ষিণ সিটি কর্পোরেশনের আতওাভুক্ত সদস্য ব্যবসায়ীদের ব্যবসা পরিচালন কার্যক্রম আরো সহজতর করার লক্ষ্যে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন (ডিএসসিসি) যৌথভাবে আয়োজিত সপ্তাহব্যাপী ট্রেড লাইসেন্স নবায়ন সেবা কার্যক্রমের উদ্বোধনী গতকাল রোববার ডিসিসিআই অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। উল্লেখ্য, ঢাকা চেম্বার এবং ডিএসসিসি যৌথভাবে আয়োজিত স্থানীয় ব্যবসা-বাণিজ্য, আইনশৃঙ্খলা, যানজট পরিস্থিতির উন্নয়ন ও ট্রেড লাইসেন্স সেবা শীর্ষক মতবিনিময় সভায় দক্ষিণ সিটি কর্পোরেশনের প্রশাসক মোঃ আব্দুস সালাম প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ট্রেড লাইসেন্স নবায়ন কার্যক্রমের শুভ উদ্বোধন করেন। এছাড়াও অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মোঃ খয়বর রহমান এবং ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি)-এর অতিরিক্ত কমিশনার (প্রশাসন) মোঃ মাসুদ করিম। গতকাল  রোববার শুরু হয়ে ২০ আগস্ট পর্যন্ত সকাল ১০টা হতে ৪টা পর্যন্ত ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের আওতাধীন ঢাকা চেম্বারের সদস্যভুক্ত প্রতিষ্ঠানসহ অন্যান্য ব্যবসায়ীরা ২০২৬-২৭ অর্থবছরের জন্য নিজ নিজ প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স নবায়নের নির্ধারিত ফি জমাদানের মাধ্যমে তাদের লাইসেন্স নবায়ন করতে পারবেন।  অনুষ্ঠানের প্রধান অতিথি ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের প্রশাসক মোঃ আব্দুস সালাম বলেন, দক্ষিণ সিটি কর্পোরেশনের কার্যক্রমে জবাবদিহিতা নিশ্চিতের লক্ষ্যে প্রতি শনিবার গণশুনানির আয়োজন করা হচ্ছে, যেখানে ব্যবসায়ীসহ নগরবাসীর অংশগ্রহণের মাধ্যমে মতামত প্রদানের আহ্বান জানান। নতুন ট্রেড লাইসেন্স ও নবায়নের জন্য নির্ধারিত ফিতে এনবিআরের চার্জ হ্রাস করা গেলে, ট্রেড লাইসেন্স ফি আরো কমানো সম্ভব বলে তিনি মত প্রকাশ করেন। প্রশাসক আরো বলেন, ব্যবসায়ীরা দেশের অর্থনীতির মূল চালিকা শক্তি, তাই ব্যবসা পরিচালনায় সহায়ক পরিবেশ তৈরি করা সম্ভব হলে একদিকে যেমন সিটি কর্পোরেশনের আয় বাড়বে, পাশাপাশি জনগণকে উন্নত সেবা নিশ্চিত করা সম্ভব হবে। তিনি উল্লেখ করেন, দক্ষিণ সিটি কর্পোরেশনের প্রায় আড়াই লাখের মত ট্রেড লাইসেন্স রয়েছে, যদিও এর আওতাধীন এলাকায় পরিচালিত বাণিজ্যিক প্রতিষ্ঠানের সংখ্যা অনেক বেশি। এমতাবস্থায় ব্যবসায়ীদের নতুন ট্রেড লাইসেন্স গ্রহণ ও পুরোনো লাইসেন্স নবায়নের মাধ্যমে বৈধভাবে ব্যবসায়িক কার্যক্রম পরিচালনার ওপর জোরারোপ করেন। তিনি আরো জানান, হয়রানিমুক্ত ট্রেড লাইসেন্স সেবা নিশ্চিতের জন্য ডিজিটাল ব্যবস্থাপনার ওপর জোর দেওয়া হয়েছে এবং এক্ষেত্রে ওয়ান-স্টপ সার্ভিস চালুর বিষয়টি বিবেচনাধীন রয়েছে। শহরের যানজট নিরসনে বিদ্যুৎ চালিত অটো রিকশা ও হকারদের রেজিস্ট্রেশনের আওতায় আসার বিষয়ে কার্যক্রম অব্যাহত রয়েছে বলে তিনি উল্লেখ করেন। প্রশাসক আরো বলেন, পুরোনো ঢাকার ঐতিহ্য ফিরিয়ে আনতে সিটি কর্পোরেশন ইতোমধ্যে বেশকিছু উদ্যোগ নিয়েছে, তবে পুরোনো ঢাকার যানজট নিরসনে কিছু কিছু রাস্তায় একমুখী চলাচল প্রবর্তনে স্থানীয় ব্যবসায়ীদের সহযোগিতা কামনা করেন।   অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন ঢাকা চেম্বারের সভাপতি তাসকীন আহমেদ। এছাড়াও দক্ষিণ সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মোঃ খয়বর রহমান, ডিএমপির অতিরিক্ত কমিশনার মোঃ মাসুদ করিম বক্তব্য রাখেন। মুক্ত আলোচনায় ডিসিসিআইর পরিচালক মোহাম্মদ জমশের আলী, প্রাক্তন ঊর্ধ্বতন সহ-সভাপতি আলহাজ্ব আব্দুস সালাম, প্রাক্তন সহ-সভাপতি হোসেন এ সিকদার ও আলহাজ্ব মো: আলাউদ্দিন মালিক, প্রাক্তন পরিচালক এ কে ডি খায়ের মোহাম্মদ খান ও আলহাজ্ব দীন মোহাম্মদ, মৌলভীবাজার ব্যবসায়ী সমিতির সভাপতি মোহাম্মদ আলী ভূট্টো প্রমুখ সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন। উদ্বোধনী অনুষ্ঠান শেষে ঢাকা চেম্বারের সদস্যভুক্ত ১০টি প্রতিষ্ঠানের প্রতিনিধিবৃন্দ দক্ষিণ সিটি কর্পোরেশনের প্রশাসকের নিকট হতে নবায়নকৃত ট্রেড লাইসেন্স কপি গ্রহণ করেন।

নতুন ধারার দৈনিক
আমাদের সময়
সোমবার, ১৭ আগস্ট ২০২৬

# ডিসিসিআইয়ে সপ্তাহব্যাপী ট্রেড লাইসেন্স নবায়ন সেবা

**নিজস্ব প্রতিবেদক ●**
সদস্য ব্যবসায়ীদের সেবা সহজ করতে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) সঙ্গে যৌথভাবে সপ্তাহব্যাপী ট্রেড লাইসেন্স নবায়ন সেবা কার্যক্রম শুরু করেছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। এ কার্যক্রমের আওতায় ২০২৬-২৭ অর্থবছরের ট্রেড লাইসেন্স নবায়ন করতে পারবেন ডিএসসিসির আওতাধীন ডিসিসিআইয়ের সদস্যসহ অন্যান্য ব্যবসায়ীরা। গতকাল রবিবার ডিসিসিআই অডিটোরিয়ামে এ সেবা কার্যক্রমের উদ্বোধন করা হয়। 'স্থানীয় ব্যবসা-বাণিজ্য, আইনশৃঙ্খলা, যানজট পরিস্থিতির উন্নয়ন ও ট্রেড লাইসেন্স সেবা' শীর্ষক মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কার্যক্রমের উদ্বোধন করেন ডিএসসিসির প্রশাসক মো. আবদুস সালাম।

আমাদের সময়

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন ডিএসসিসির প্রধান নির্বাহী কর্মকর্তা মো. খয়বর রহমান এবং ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) অতিরিক্ত কমিশনার (প্রশাসন) মো. মাসুদ করিম। স্বাগত বক্তব্য দেন ডিসিসিআই সভাপতি তাসকীন আহমেদ।

ডিসিসিআই সূত্রে জানা গেছে, ১৬ থেকে ২০ আগস্ট পর্যন্ত প্রতিদিন সকাল ১০টা থেকে বিকাল ৪টা পর্যন্ত এ সেবা দেওয়া হবে। নির্ধারিত ফি জমা দিয়ে ব্যবসায়ীরা নিজ নিজ প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স নবায়ন করতে পারবেন। মতবিনিময় সভায় ব্যবসায়ীরা ট্রেড লাইসেন্স নবায়ন ফি কমানো, অটোমেশনের মাধ্যমে হয়রানিমুক্ত সেবা নিশ্চিত করা, যানজট ও জলাবদ্ধতা নিরসন এবং ফুটপাত দখলমুক্ত করার দাবি জানান। পাশাপাশি অটোরিকশা চলাচলে রেজিস্ট্রেশনের মাধ্যমে নম্বরপ্লেট প্রদান এবং রাজনৈতিক ও আইনশৃঙ্খলা বাহিনীর চাঁদাবাজি বন্ধে কার্যকর পদক্ষেপ নেওয়ার আহ্বান জানান তারা। আলোচনায় ডিসিসিআইয়ের পরিচালক মোহাম্মদ জমশের আলী, সাবেক উর্ধ্বতন সহ-সভাপতি আবদুস সালাম, সাবেক সহ-সভাপতি হোসেন এ সিকদার ও মো. আলাউদ্দিন মালিক, সাবেক পরিচালক একেডি খায়ের মোহাম্মদ খান ও দীন মোহাম্মদ এবং মৌলভীবাজার ব্যবসায়ী সমিতির সভাপতি মোহাম্মদ আলী ভুট্টোসহ ব্যবসায়ী নেতারা অংশ নেন।

অনুষ্ঠান শেষে ডিসিসিআইয়ের সদস্যভুক্ত ১০টি প্রতিষ্ঠানের প্রতিনিধিদের হাতে নবায়নকৃত ট্রেড লাইসেন্সের কপি তুলে দেন ডিএসসিসির প্রশাসক।

এ সময় ডিসিসিআইয়ের উর্ধ্বতন সহ-সভাপতি রাজিব এইচ চৌধুরী, সহ-সভাপতি মো. সালিম সোলায়মান, পরিচালনা পর্ষদের সদস্য এবং বিভিন্ন খাতের ব্যবসায়ী সংগঠনের নেতারা উপস্থিত ছিলেন।

BSS NEWS
Online portal of Bangladesh Sangbad Sangstha
Monday
17 August, 2026

# 5-year trade licence renewal facility coming soon: DSCC Administrator




DHAKA, Aug 16, 2026 (BSS) - Dhaka South City Corporation (DSCC) Administrator Md Abdus Salam today said that a five-year renewal facility for trade licences will be introduced soon to make services easier and more convenient for businesses.

"We are working to make the trade licence renewal process easier, faster and digital," he said while addressing a discussion meeting on "Local Business and Commerce, Law and Order, Human Rights Development and Trade Licence Services" organised by the Dhaka Chamber of Commerce and Industry (DCCI) in the capital.

Salam said the DSCC wants to provide trade licence services through mutual understanding and cooperation with the business community instead of applying force or creating harassment.

He said necessary measures were being taken to enable businesses to renew trade licences and pay holding taxes and other municipal taxes from home through digital services.

Regarding the demand for five-year trade licence renewal, the DSCC administrator said the proposal had been positively considered and an official decision would be announced soon.

On signboard taxes, he said the actual size of many signboards of large commercial establishments was not properly reflected in tax assessments.

However, he stressed that businesses would not be harassed over the issue, and the DSCC would ensure a fair and transparent system for determining such taxes.

The DSCC administrator identified traffic congestion, encroachment of footpaths and the problem of illegal hawkers as some of the major challenges facing the capital.

He said hawkers and battery-run rickshaws would be brought under a registration system and licences would be issued based on a fixed number.

Their identities and activities would also be preserved in a digital database, he added.

Salam said the longstanding problems of outstanding trade licence fees and unpaid rents in city corporation markets would also be addressed in cooperation with business organisations.

He called for market-based coordination initiatives involving business associations to resolve the problems.

Speaking about the preservation of Old Dhaka's heritage, he said various programmes had been undertaken marking the 416th anniversary of the historic part of the capital.

"We want to develop Dhaka in such a way that its citizens can proudly regard it as their own city," he said.

The DSCC administrator also urged business leaders to take a leading role, alongside the administration, in addressing traffic congestion, footpath encroachment, extortion and other urban management problems.

"Without the active cooperation of the business community, sustainable solutions to these problems are not possible," he said.

DCCI President Taskin Ahmed presided over the meeting.

Additional Commissioner of Dhaka Metropolitan Police Masud Karim attended the meeting as a special guest.

Senior officials of the two city corporations, DCCI directors and business leaders were also present.

UNB
UNITED NEWS OF BANGLADESH
MONDAY, 17 AUGUST 2026

# DSCC to reduce trade licence renewal fees if NBR charges cut: Salam



Dhaka South City Corporation (DSCC) Administrator Abdus Salam on Sunday said the fees for trade licence renewal could be further reduced if National Board of Revenue (NBR) charges included in the prescribed fees are lowered.

He made the remarks while attending a view-exchange meeting titled "Improvement of Local Business, Law-and-Order Situation, Traffic Congestion and Trade Licence Renewal Service" as the chief guest at the Dhaka Chamber of Commerce and Industry (DCCI) auditorium.

At the programme, the DCCI and DSCC jointly inaugurated the week-long "Trade Licence Service Week 2026."

Under the initiative, trade licence holders in the DSCC area, including DCCI members, can renew their licences for fiscal year 2026-27 by paying the prescribed fees from 10:00am-4:00pm on August 16-20 at the DCCI.

Salam said the DSCC currently has around 250,000 trade licences, though the actual number of businesses operating within its jurisdiction is significantly higher, and urged all businesses to obtain and renew licences to operate legally.

He said the city corporation holds public hearings every Saturday to ensure accountability and gather input from residents and businesses, and added that it is emphasising digital management to make trade licence services harassment-free, with plans to introduce a one-stop service soon.

On traffic congestion, the DSCC administrator said initiatives are underway to bring battery-powered auto-rickshaws and hawkers under a registration system, and sought cooperation from the business community to implement one-way traffic systems to help restore the heritage of Old Dhaka.

In his welcome remarks, DCCI President Taskeen Ahmed said a trade licence is one of the most important basic documents for operating a business, but entrepreneurs often face difficulties in obtaining and renewing them due to lack of information, uncertainty over required documents, and procedural delays.

He said automating the process will significantly cut delays and harassment, adding that introducing multi-year renewal facilities will further ease the burden on businesses.

DSCC Chief Executive Officer Md Khoybar Rahman said a major share of the city corporation's revenue comes from holding taxes and trade licence fees, with about 246,180 licences already issued under 294 business categories within the DSCC jurisdiction.

He said the city corporation has set a revenue collection target of Tk 150 crore for FY27 and sought cooperation from businesses and residents to help achieve it.

Additional Police Commissioner (Admin) of Dhaka Metropolitan Police (DMP) Md Masud Karim said business and investment cannot gain momentum without a supportive law-and-order situation, adding that DMP is prioritising the issue.

He urged businesspeople to report any alleged extortion involving police personnel during unloading of goods in Old Dhaka, and said AI-powered cameras installed on several roads have helped ease traffic congestion, with plans underway to expand the programme.

Masud also said a policy is being formulated to bring discipline to auto-rickshaw movement through registration and number plates.

Speakers at the meeting stressed the need for a conducive business environment, reduced trade licence fees, hassle-free automated renewal, measures against traffic congestion and waterlogging, registration of auto-rickshaws, footpaths free of hawkers, and strict action against extortion by political groups and law enforcement personnel.

Following the inaugural session, representatives of 10 DCCI member enterprises received their renewed trade licence copies from the DSCC administrator.

DCCI Senior Vice President Razeev H Chowdhury, Vice President Md Salem Sulaiman and members of the Board of Directors were present at the meeting.

Jago NEWS 24

সোমবার, ১৭ আগস্ট ২০২৬

# একবারে ৫ বছরের ট্রেড লাইসেন্স নবায়নের সুযোগ দেওয়ার ঘোষণা



ডিসিসিআই মতিঝিল কার্যালয়ে 'স্থানীয় ব্যবসা-বাণিজ্য, আইনশৃঙ্খলা, যানজট পরিস্থিতির উন্নয়ন ও ট্রেড লাইসেন্স সেবা' শীর্ষক আলোচনা সভা

ব্যবসায়ীদের সুবিধার জন্য একবারে ৫ বছরের ট্রেড লাইসেন্স নবায়নের সুযোগ দেওয়ার ঘোষণা দিয়েছেন ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) প্রশাসক মো. আব্দুস সালাম। একই সঙ্গে ঘরে বসে হোল্ডিং ট্যাক্স, ট্রেড লাইসেন্সসহ বিভিন্ন ফি পরিশোধের সুযোগ তৈরির উদ্যোগ নেওয়া হচ্ছে বলেও জানান তিনি।

রোববার (১৬ আগস্ট) রাজধানীর মতিঝিলে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) কার্যালয়ে 'স্থানীয় ব্যবসা-বাণিজ্য, আইনশৃঙ্খলা, যানজট পরিস্থিতির উন্নয়ন ও ট্রেড লাইসেন্স সেবা' শীর্ষক আলোচনা ও মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন। ডিসিসিআই ও ডিএসসিসি যৌথভাবে এ সভার আয়োজন করে।

এতে স্বাগত বক্তব্য দেন ডিসিসিআই সভাপতি তাসকীন আহমেদ। আরও বক্তব্য দেন ঢাকা মেট্রোপলিটন পুলিশের অতিরিক্ত পুলিশ কমিশনার মো. মাসুদ করিম ও ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. খয়বর রহমানসহ অনেকে।

ডিএসসিসি প্রশাসক আব্দুস সালাম বলেন, ট্রেড লাইসেন্স সেবা দ্রুত ও সহজ করতে ওয়ান স্টপ সার্ভিস চালুর জন্য এরই মধ্যে নির্দেশ দেওয়া হয়েছে। তবে ট্রেড লাইসেন্স জাল হওয়ার ঘটনায় কিছুটা জটিলতা তৈরি হয়েছিল।

তিনি বলেন, 'ট্রেড লাইসেন্স পর্যন্ত জাল হয়ে গেছে। জাল হয়ে দেখা যায়, এইটা হাতে হাতে চলে যায়। সিটি করপোরেশন জানেই না, সিটি করপোরেশনের রাজস্বও পাচ্ছে না। মাঝখান দিয়ে আরেকটা চক্র ট্রেড লাইসেন্স জাল করে এটা দিয়ে দিচ্ছে।'

এ কারণে কিছু ক্ষেত্রে আগের ব্যবস্থায় ফিরে যেতে হয়েছে জানিয়ে তিনি বলেন, যত দ্রুত সম্ভব ব্যবসায়ীদের সেবা সহজ করার চেষ্টা চলছে।

## 'সাইনবোর্ডের কর বাড়ানো হচ্ছে না'

সাইনবোর্ডের কর বাড়ানো হচ্ছে না জানিয়ে ডিএসসিসি প্রশাসক বলেন, প্রকৃত মাপ অনুযায়ী সাইনবোর্ডের কর নির্ধারণ করা হলে অনেক বেশি রাজস্ব আদায় সম্ভব।

তিনি বলেন, অনেক ব্যাংক, প্রতিষ্ঠান ও ব্যবসা-প্রতিষ্ঠানে বড় আকারের একাধিক সাইনবোর্ড রয়েছে। কিন্তু সেগুলোর প্রকৃত মাপ অনুযায়ী কর নির্ধারণ করা হয় না।

'আমরা চাই, আসলে এগুলো কোনো জবরদস্তির ব্যাপার না, জোর করার ব্যাপার না। এগুলো আমাদের মিউচুয়াল ইন্টারেস্টে করতে হবে, মিউচুয়াল আন্ডারস্ট্যান্ডিংয়ের মধ্যে করতে হবে'—বলেন আব্দুস সালাম।

রাজস্ব ও বিভিন্ন ফি আদায়ের জন্য বর্তমানে একাধিক ব্যাংকের মাধ্যমে টাকা জমা দেওয়ার ব্যবস্থা রয়েছে জানিয়ে আব্দুস সালাম বলেন, প্রয়োজনে আরও ব্যাংক যুক্ত করা হবে।

তিনি বলেন, 'ঘরে বসেই যাতে আপনারা ট্যাক্স দিতে পারেন, হোল্ডিং ট্যাক্স দিতে পারেন, ট্রেড লাইসেন্সও রিনিউ করতে পারেন, সে ব্যাপারেও আমরা ব্যবস্থা নেব।'

এসময় ব্যবসায়ীদের পাঁচ বছরের জন্য একবারে ট্রেড লাইসেন্স নবায়নের দাবির প্রসঙ্গে তিনি বলেন, এ ব্যবস্থা করা সম্ভব। 'আপনারা বলেছেন পাঁচ বছর, হ্যাঁ, এটা আমরা করতে পারি। কয়েকদিনের মধ্যেই আপনাদের জানাব যে পাঁচ বছরের মধ্যে আপনারা যে চান, পাঁচ বছরের একবারে রিনিউ করে নিন। সেই ব্যবস্থাটাও আমরা ইনশা আল্লাহ করে ফেলব'—বলেন তিনি।

BANGLA NEWS 24.com

সোমবার, ১৭ আগস্ট ২০২৬

# ডিসিসিআইতে সপ্তাহব্যাপী ট্রেড লাইসেন্স নবায়ন সেবা




ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) আওতাধীন ব্যবসায়ীদের ট্রেড লাইসেন্স নবায়ন সহজ করতে সপ্তাহব্যাপী ট্রেড লাইসেন্স নবায়ন সেবা কার্যক্রম শুরু হয়েছে।

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) ও ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন যৌথভাবে এ কার্যক্রমের আয়োজন করেছে।

রোববার (১৬ আগস্ট) রাজধানীর মতিঝিলে ডিসিসিআই অডিটোরিয়ামে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ কার্যক্রমের উদ্বোধন করেন ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের প্রশাসক মো. আব্দুস সালাম।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. খয়বর রহমান এবং ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) অতিরিক্ত কমিশনার (প্রশাসন) মো. মাসুদ করিম।

১৬ আগস্ট থেকে ২০ আগস্ট পর্যন্ত প্রতিদিন সকাল ১০টা থেকে বিকেল ৪টা পর্যন্ত এ সেবা কার্যক্রম চলবে। এ সময়ে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের আওতাধীন এলাকার ডিসিসিআই সদস্য প্রতিষ্ঠানসহ অন্যান্য ব্যবসায়ীরা নির্ধারিত ফি জমা দিয়ে ২০২৬-২৭ অর্থবছরের জন্য নিজ নিজ প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স নবায়ন করতে পারবেন।

উদ্বোধনী অনুষ্ঠানে ডিএসসিসি প্রশাসক মো. আব্দুস সালাম বলেন, দক্ষিণ সিটি করপোরেশনের আওতাধীন এলাকায় ব্যবসায়িক প্রতিষ্ঠানের সংখ্যা অনেক বেশি হলেও ট্রেড লাইসেন্স রয়েছে প্রায় আড়াই লাখ। ব্যবসায়ীদের নতুন ট্রেড লাইসেন্স গ্রহণ এবং পুরোনো লাইসেন্স নবায়নের মাধ্যমে বৈধভাবে ব্যবসায়িক কার্যক্রম পরিচালনার ওপর গুরুত্ব দিতে হবে।

তিনি বলেন, হয়রানিমুক্ত ট্রেড লাইসেন্স সেবা নিশ্চিত করতে ডিজিটাল ব্যবস্থাপনার ওপর গুরুত্ব দেওয়া হচ্ছে। এ ক্ষেত্রে ওয়ান-স্টপ সার্ভিস চালুর বিষয়টি বিবেচনায় রয়েছে।

শহরের যানজট নিরসনে বিদ্যুৎচালিত অটোরিকশা ও হকারদের নিবন্ধনের আওতায় আনার কার্যক্রম চলছে বলেও জানান তিনি।

পুরান ঢাকার ঐতিহ্য ফিরিয়ে আনতে সিটি করপোরেশন বেশ কিছু উদ্যোগ নিয়েছে জানিয়ে প্রশাসক বলেন, পুরান ঢাকার যানজট নিরসনে কয়েকটি সড়ক একমুখী করার উদ্যোগ নেওয়া হয়েছে। এ বিষয়ে স্থানীয় ব্যবসায়ীদের সহযোগিতা প্রয়োজন।

তিনি আরও বলেন, দক্ষিণ সিটি করপোরেশনের কার্যক্রমে জবাবদিহি নিশ্চিত করতে প্রতি শনিবার গণশুনানির আয়োজন করা হচ্ছে। এসব গণশুনানিতে ব্যবসায়ীসহ নগরবাসীকে অংশ নিয়ে নিজেদের মতামত দেওয়ার আহ্বান জানান তিনি।

নতুন ট্রেড লাইসেন্স ও নবায়নের নির্ধারিত ফির মধ্যে জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) চার্জ কমানো গেলে ট্রেড লাইসেন্সের ফি আরও কমানো সম্ভব বলে মত দেন মো. আব্দুস সালাম।

তিনি বলেন, ব্যবসায়ীরা দেশের অর্থনীতির মূল চালিকাশক্তি। ব্যবসা পরিচালনায় সহায়ক পরিবেশ তৈরি করা গেলে একদিকে সিটি করপোরেশনের রাজস্ব আয় বাড়বে, অন্যদিকে নগরবাসীকে উন্নত সেবা দেওয়া সম্ভব হবে।

স্বাগত বক্তব্যে ডিসিসিআই সভাপতি তাসকীন আহমেদ বলেন, ট্রেড লাইসেন্স ব্যবসা পরিচালনার অন্যতম গুরুত্বপূর্ণ প্রাথমিক দলিল। কিন্তু এর নিবন্ধন ও নবায়ন প্রক্রিয়ায় তথ্যের ঘাটতি, প্রয়োজনীয় কাগজপত্র সম্পর্কে অস্পষ্টতা, একাধিকবার অফিসে যাতায়াত এবং বিভিন্ন ধাপে সময়ক্ষেপণ ও হয়রানির কারণে উদ্যোক্তাদের নানা ধরনের ভোগান্তিতে পড়তে হয়।

দেশে ব্যবসা পরিচালনার সহায়ক পরিবেশ তৈরিতে ট্রেড লাইসেন্সসহ অন্যান্য সেবা পাওয়ার ক্ষেত্রে সময়ক্ষেপণ ও হয়রানি বন্ধে ডিজিটাল ব্যবস্থার কার্যকর প্রয়োগের ওপর গুরুত্ব দেন তিনি। পাশাপাশি একাধিক বছরের জন্য ট্রেড লাইসেন্স নবায়নের ব্যবস্থা চালুরও দাবি জানান ডিসিসিআই সভাপতি।

ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. খয়বর রহমান বলেন, ডিএসসিসির আওতাধীন এলাকায় ২৯৪ ধরনের ব্যবসার জন্য এরই মধ্যে দুই লাখ ৪৬ হাজার ১৮০টি ট্রেড লাইসেন্স দেওয়া হয়েছে। ২০২৬-২৭ অর্থবছরে দক্ষিণ সিটি করপোরেশনের রাজস্ব আহরণের লক্ষ্যমাত্রা ১৫০ কোটি টাকা। এ লক্ষ্যমাত্রা অর্জনে ব্যবসায়ীসহ নগরবাসীর সার্বিক সহযোগিতা কামনা করেন তিনি।

ডিএমপির অতিরিক্ত কমিশনার (প্রশাসন) মো. মাসুদ করিম বলেন, আইনশৃঙ্খলা পরিস্থিতি সহায়ক না হলে ব্যবসা ও বিনিয়োগে গতিশীলতা আসে না। তাই ব্যবসাবান্ধব আইনশৃঙ্খলা পরিস্থিতি নিশ্চিত করতে ডিএমপির পক্ষ থেকে সর্বোচ্চ গুরুত্ব দেওয়া হচ্ছে।

পুরান ঢাকার বিভিন্ন এলাকায় ট্রাক বা কাভার্ড ভ্যান থেকে পণ্য খালাসের সময় আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর কোনো সদস্য হয়রানি করলে পুলিশকে তথ্য দিয়ে সহযোগিতা করার জন্য ব্যবসায়ীদের প্রতি আহ্বান জানান তিনি।

অটোরিকশা চলাচলে শৃঙ্খলা আনতে একটি নীতিমালা প্রণয়নের কাজ চলছে জানিয়ে মো. মাসুদ করিম বলেন, নীতিমালা চূড়ান্ত হলে নিবন্ধন ও নম্বরপ্লেট দেওয়ার মাধ্যমে অটোরিকশাগুলোকে নজরদারির আওতায় আনা সম্ভব হবে।

অনুষ্ঠান শেষে ডিসিসিআইয়ের সদস্যভুক্ত ১০টি প্রতিষ্ঠানের প্রতিনিধির হাতে নবায়ন করা ট্রেড লাইসেন্সের কপি তুলে দেন ডিএসসিসি প্রশাসক।

অনুষ্ঠানের মুক্ত আলোচনায় ডিসিসিআইয়ের পরিচালক মোহাম্মদ জমশের আলী, সাবেক উর্ধ্বতন সহসভাপতি আলহাজ আব্দুস সালাম, হোসেন এ সিকদার, মো. আলাউদ্দিন মালিক, রাজিব এইচ চৌধুরী, মো. সালিম সোলায়মান, সাবেক পরিচালক একেডি খায়ের মোহাম্মদ খান, আলহাজ দীন মোহাম্মদ, মৌলভীবাজার ব্যবসায়ী সমিতির সভাপতি মোহাম্মদ আলী ভুট্টোসহ বিভিন্ন খাতভিত্তিক ব্যবসায়ী সংগঠনের নেতারা বক্তব্য দেন।

Dhaka Mail

সোমবার, ১৭ আগস্ট ২০২৬

# ডিসিসিআইতে সপ্তাহব্যাপী ট্রেড লাইসেন্স নবায়ন সেবা শুরু




**ব্যবসায়ীদের ট্রেড লাইসেন্স নবায়ন প্রক্রিয়া সহজ ও হয়রানিমুক্ত করতে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) ও ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন (ডিএসসিসি) যৌথভাবে সপ্তাহব্যাপী ট্রেড লাইসেন্স নবায়ন সেবা কার্যক্রম শুরু করেছে।**

রোববার (১৬ আগস্ট) ডিসিসিআই অডিটোরিয়ামে এ কার্যক্রমের আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হয়।

ঢাকা চেম্বারের সদস্যসহ ডিএসসিসির আওতাধীন অন্যান্য ব্যবসায়ীরাও এ সেবা নিতে পারবেন। ১৬ আগস্ট থেকে ২০ আগস্ট পর্যন্ত প্রতিদিন সকাল ১০টা থেকে বিকেল ৪টা পর্যন্ত নির্ধারিত ফি জমা দিয়ে ২০২৬-২৭ অর্থবছরের ট্রেড লাইসেন্স নবায়ন করা যাবে।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কার্যক্রমের উদ্বোধন করেন ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের প্রশাসক মো. আব্দুস সালাম। বিশেষ অতিথি ছিলেন ডিএসসিসির প্রধান নির্বাহী কর্মকর্তা মো. খয়বর রহমান এবং ঢাকা মেট্রোপলিটন পুলিশের অতিরিক্ত কমিশনার (প্রশাসন) মো. মাসুদ করিম।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্যে ঢাকা চেম্বারের সভাপতি তাসকীন আহমেদ বলেন, ট্রেড লাইসেন্স ব্যবসা পরিচালনার অন্যতম গুরুত্বপূর্ণ প্রাথমিক দলিল। তবে নিবন্ধন ও নবায়নের ক্ষেত্রে তথ্যের ঘাটতি, প্রয়োজনীয় কাগজপত্র সম্পর্কে অস্পষ্টতা, একাধিকবার অফিসে যাতায়াত এবং বিভিন্ন ধাপে সময়ক্ষেপণ ও হয়রানির কারণে উদ্যোক্তাদের ভোগান্তিতে পড়তে হয়।

তিনি আরও বলেন, ব্যবসাবান্ধব পরিবেশ তৈরিতে ট্রেড লাইসেন্সসহ সব ধরনের সেবা পাওয়ার ক্ষেত্রে সময়ক্ষেপণ ও হয়রানি বন্ধ করতে ডিজিটাল ব্যবস্থার কার্যকর প্রয়োগ জরুরি। পাশাপাশি একাধিক বছরের জন্য ট্রেড লাইসেন্স নবায়নের ব্যবস্থা চালুর ওপরও গুরুত্ব দিতে হবে।

ডিএসসিসির প্রধান নির্বাহী কর্মকর্তা মো. খয়বর রহমান জানান, সিটি করপোরেশনের আওতাধীন এলাকায় ২৯৪ ধরনের ব্যবসার জন্য ইতোমধ্যে প্রায় ২ লাখ ৪৬ হাজার ১৮০টি ট্রেড লাইসেন্স দেওয়া হয়েছে। ২০২৬-২৭ অর্থবছরে ডিএসসিসির রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা ১৫০ কোটি টাকা। এ লক্ষ্যমাত্রা অর্জনে ব্যবসায়ীসহ নগরবাসীর সহযোগিতা কামনা করি।

ডিএমপির অতিরিক্ত কমিশনার মো. মাসুদ করিম বলেন, আইনশৃঙ্খলা পরিস্থিতি সহায়ক না হলে ব্যবসা ও বিনিয়োগের গতি আসে না। তাই ব্যবসাবান্ধব আইনশৃঙ্খলা পরিস্থিতি নিশ্চিত করার ক্ষেত্রে ডিএমপি সর্বোচ্চ গুরুত্ব দিচ্ছে।

তিনি আরও বলেন, পুরান ঢাকার বিভিন্ন স্থানে ট্রাক বা কাভার্ড ভ্যানে মালামাল খালাসের সময় আইনশৃঙ্খলা বাহিনীর কোনো সদস্যের হয়রানির সঙ্গে সম্পৃক্ততা থাকলে পুলিশকে তথ্য দিয়ে সহযোগিতা করতে হবে। যানজট নিয়ন্ত্রণে বিভিন্ন সড়কে কৃত্রিম বুদ্ধিমত্তাভিত্তিক ক্যামেরা স্থাপনে ভালো ফল পাওয়া গেছে। এ কার্যক্রম আরও সম্প্রসারণের উদ্যোগ নেওয়া হয়েছে।

অনুষ্ঠানে ব্যবসায়ী নেতারা ট্রেড লাইসেন্স নবায়ন ফি কমানো, স্বয়ংক্রিয় ব্যবস্থার মাধ্যমে হয়রানিমুক্ত নবায়ন সেবা নিশ্চিত, যানজট ও জলাবদ্ধতা নিরসন, অটোরিকশার নিবন্ধন ও নম্বরপ্লেট প্রদান, ফুটপাত দখলমুক্ত করা এবং রাজনৈতিক ও আইনশৃঙ্খলা বাহিনীর চাঁদাবাজি বন্ধে কার্যকর পদক্ষেপ নেওয়ার দাবি জানান।

অনুষ্ঠান শেষে ঢাকা চেম্বারের সদস্যভুক্ত ১০টি প্রতিষ্ঠানের প্রতিনিধির হাতে নবায়ন করা ট্রেড লাইসেন্স তুলে দেন ডিএসসিসির প্রশাসক।

এ সময় ঢাকা চেম্বারের জ্যেষ্ঠ সহ-সভাপতি রাজিব এইচ চৌধুরী, সহ-সভাপতি মো. সালিম সোলায়মান, পরিচালনা পর্ষদের সদস্য এবং বিভিন্ন খাতভিত্তিক ব্যবসায়ী সংগঠনের নেতারা উপস্থিত ছিলেন।

DHAKA POST

সোমবার, ১৭ আগস্ট ২০২৬

# ঢাকা চেম্বারে সপ্তাহব্যাপী ট্রেড লাইসেন্স নবায়ন সেবা কার্যক্রমের উদ্বোধন




**সদস্যদের অধিকতর উন্নত সেবা প্রদানের পাশাপাশি ট্রেড লাইসেন্স নবায়ন সংক্রান্ত সেবা প্রদানের উদ্যোগ নিয়েছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। এ লক্ষ্যে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের (ডিএসসিসি) আওতাভুক্ত সদস্য ব্যবসায়ীদের ব্যবসা পরিচালনা কার্যক্রম আরও সহজ করতে ডিএসসিসির সঙ্গে যৌথভাবে সপ্তাহব্যাপী ট্রেড লাইসেন্স নবায়ন সেবা কার্যক্রমের উদ্বোধন করা হয়েছে।**

রোববার (১৬ আগস্ট) ডিসিসিআইয়ের অডিটোরিয়ামে এই সেবা কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়।

ঢাকা চেম্বার এবং ডিএসসিসি যৌথভাবে আয়োজিত 'স্থানীয় ব্যবসা-বাণিজ্য, আইনশৃঙ্খলা, যানজট পরিস্থিতির উন্নয়ন ও ট্রেড লাইসেন্স সেবা' শীর্ষক মতবিনিময় সভায় ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের প্রশাসক মো. আব্দুস সালাম প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ট্রেড লাইসেন্স নবায়ন কার্যক্রমের উদ্বোধন করেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডিএসসিসির প্রধান নির্বাহী কর্মকর্তা মো. খয়বর রহমান এবং ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) অতিরিক্ত কমিশনার (প্রশাসন) মো. মাসুদ করিম।

জানা গেছে, আজ থেকে শুরু হয়ে আগামী ২০ আগস্ট পর্যন্ত সকাল ১০টা হতে বিকেল ৪টা পর্যন্ত ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের আওতাধীন ঢাকা চেম্বারের সদস্যভুক্ত প্রতিষ্ঠানসহ অন্যান্য ব্যবসায়ীরা ২০২৬-২৭ অর্থবছরের জন্য নিজ নিজ প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স নবায়নের নির্ধারিত ফি জমা দেওয়ার মাধ্যমে তাদের লাইসেন্স নবায়ন করতে পারবেন।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ঢাকা চেম্বারের সভাপতি তাসকীন আহমেদ। এতে মুক্ত আলোচনায় ডিসিসিআইয়ের পরিচালক মোহাম্মদ জমশের আলী, প্রাক্তন ঊর্ধ্বতন সহ-সভাপতি আব্দুস সালাম, প্রাক্তন সহ-সভাপতি হোসেন এ সিকদার ও মো. আলাউদ্দিন মালিক, প্রাক্তন পরিচালক এ কে ডি খায়ের মোহাম্মদ খান ও দীন মোহাম্মদ, মৌলভীবাজার ব্যবসায়ী সমিতির সভাপতি মোহাম্মদ আলী ভুট্টো প্রমুখ অংশগ্রহণ করেন।

আলোচনায় অংশ নিয়ে তারা বলেন, ট্রেড লাইসেন্স নবায়ন ফি হ্রাস, অটোমেশনের আওতায় হয়রানিমুক্ত নবায়ন সেবা নিশ্চিতকরণ, যানজট ও জলাবদ্ধতা নিরসন, অটোরিকশা চলাচলে রেজিস্ট্রেশনের মাধ্যমে নম্বরপ্লেট প্রদান, ফুটপাত দখলমুক্তকরণের পাশাপাশি রাজনৈতিক এবং আইনশৃঙ্খলা বাহিনীর চাঁদাবাজি প্রতিরোধে কঠোর পদক্ষেপ গ্রহণ প্রভৃতি বিষয়ে সিটি কর্পোরেশনের কার্যকর উদ্যোগ গ্রহণ এবং বাস্তবায়ন জরুরি।

উদ্বোধনী অনুষ্ঠান শেষে ঢাকা চেম্বারের সদস্যভুক্ত ১০টি প্রতিষ্ঠানের প্রতিনিধিবৃন্দ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের প্রশাসকের কাছ থেকে নবায়নকৃত ট্রেড লাইসেন্সের কপি গ্রহণ করেন।

এ সময় উপস্থিত ছিলেন, ঢাকা চেম্বারের ঊর্ধ্বতন সহ-সভাপতি রাজিব এইচ চৌধুরী, সহ-সভাপতি মো. সালিম সোলায়মান, পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দসহ খাতভিত্তিক ব্যবসায়ী সংগঠনের নেতারা।